দৈনিক ইত্তেফাক

15

তারিখ 23 FEB 1989
পৃষ্ঠা 1 কলাম 8

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

# শিক্ষিতের হার শতকরা ৬০ ভাগে উন্নীত করার কর্মসূচী গৃহীত হইয়াছে

—প্রধানমন্ত্রী

বাসস জানায়, প্রধানমন্ত্রী মওদুদ আহমদ গতকাল জাতীয় পার্টির সংসদীয় দলের এক বিশেষ বৈঠকে

( শেষ পৃঃ ৮-এর কঃ দ্রঃ )

## প্রধানমন্ত্রী

( ১ম পৃঃ পর )

বলেন, সরকার আগামী পাঁচ বছরের মধ্যে দেশে শিক্ষিতের হার শতকরা ৬০ ভাগে উন্নীত করার ব্যাপক কর্মসূচী গ্রহণ করিয়াছেন। সংসদ নেতা ও প্রধানমন্ত্রী এই বিশেষ বৈঠকে সভাপতিত্ব করেন। জাতীয় পার্টির উদ্যোগে উন্নয়ন সংক্রান্ত বিষয়ের উপর বক্তৃতামালার অংশ হিসাবে গতকালের এই বৈঠক ছিল এই ধরনের চতুর্থ বৈঠক এবং এই বৈঠকে শিক্ষানীতি সম্পর্কে আলোচনা করা হয়।

শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলাম সরকারের শিক্ষানীতি ও কর্মসূচীর বিশেষ দিকসমূহ তুলিয়া ধরেন। তিনি বলেন, ১৯৯০ সালের মধ্যে শতকরা ৭০ ভাগ শিশুকে প্রাথমিক বিদ্যালয়ে ভর্তি করার ব্যবস্থা গৃহীত হইবে। দেশে এখন শিক্ষিতের হার শতকরা ২৬ ভাগ।